PRICE Rs. 5/-

# শিশুভবন পত্রিকা

নেহরু চিলড্রেনস্ মিউজিয়মের মুখপত্র

AN ORGAN OF NEHRU CHILDREN'S MUSEUM

# SISHUBHAVAN PATRIKA

খণ্ড - ৪৩ ঃ সংখ্যা - ৪ ঃ এপ্রিল ২০১৮ *visit our website : www.nehrumuseum.org* **Vol- 43 : No - 4 : April 2018**

## 45th Sit & Draw Art Conetst
## Organised by Nehru Children's Museum
## in association with EIH Limited & Hansaplast (BDF India Ltd.)

45th Sit & Draw Preliminary Art Art Contest was held at Nehru Children's Museum, Ankur & Gariahat on 30th & 31st April, 2018.

Nearly 2000 children including handicapped children took part in the contest. The children enjoyed themselves. They were given gifts - Biscuit packet, Cake, Maza. Parle biscuit & Anmol Industries Ltd. donated biscuit packets to all the participants after the end of the programe.

***The Final Round will be held on 1st May, 2018 at Museum. The Prize Distribution Ceremony will be held on 20th May, 2018 at Nehru Children's Museum. The Paintings of the 50 winners will be displayed at Museum hall on 22nd May, 2018.***














# টেগোর ফাউণ্ডেশন

আয়োজিত

ও নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম -এর

সহযোগিতায়

## কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর-এর

## ১৫৭ তম জন্মোৎসব উপলক্ষে

## রবীন্দ্র সংগীত, আবৃত্তি, মূকাভিনয় ও নৃত্যের অনুষ্ঠান

*৫ই মে ২০১৮ (২১শে বৈশাখ ১৪২৫)*

*বিকাল ৫.০০ টা থেকে ৭.০০ টা*

*৬ই মে ২০১৮ (২২শে বৈশাখ ১৪২৫)*

*সকাল ১০.০০ থেকে দুপুর ১২.০০ টা / বিকাল ৪.৩০ টা থেকে ৬.৩০ টা*

*৯ই মে ২০১৮ (২৫ শে বৈশাখ ১৪২৫)*

*বিকাল ৫.০০ টা থেকে ৭.০০ টা*

*নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের প্রেক্ষাগৃহে*

আবার এসেছে পঁচিশে বৈশাখ। বাঙালী মননে রবীন্দ্রনাথের সাহিত্য-সঙ্গীতের নতুন খাতার দিন। দেড়শো বছর ধরে তিনি আমাদের প্রজন্মের পর প্রজন্মকে এক জীবনবোধে আলোকিত করেছেন - যে জীবনবোধ মানুষকে দর্শন দেয় - ভালবাসার দর্শন - মূল্যবোধের দর্শন - সর্বোপরি জীবনে সুস্থভাবে বেঁচে থাকার দর্শন - এই দর্শন উদ্ভুত হয় উপনিষদ থেকে উদ্ভুত হয় এই মহাবিশ্বের স্রষ্টা - নিয়ন্তার কাছে আত্মসমর্পন থেকে। ১৫৭ বছর আগে মানুষটি জন্মগ্রহণ করেছিলেন, তিরোধানের পরও কেটে যেতে চলেছে ৭৭ বছর - তবু তাঁর সৃষ্টি আজও প্রাসঙ্গিক। আজও তাঁকে ঘিরেই আবর্তিত হয় বাঙালীর সমস্ত সাংস্কৃতিক আন্দোলন। আজও আমাদের সুখের সঙ্গী রবীন্দ্রনাথ - দুঃখের সম্বল রবীন্দ্রনাথ।

টেগোর ফাউণ্ডেশন ও নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের উদ্যোগে গত ১৪ বছর ধরে পঁচিশে বৈশাখকে কেন্দ্র করে আয়োজন হচ্ছে ছোটোদের নিয়ে রবীন্দ্রচর্চার। সুরের মূর্চ্ছনায়, আবৃত্তির বাঙময়তায়. চিত্রকলার ললিত সৌন্দর্যে কবিপক্ষের কটা দিন মেতে ওঠে নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের প্রেক্ষাগৃহ।

এই রবীন্দ্রবন্দনায় আমাদের মধ্যে নেই রবীন্দ্র সান্নিধ্যে উদ্বুদ্ধ হয়ে ওঠা নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের দুই প্রতিষ্ঠাতা যুগল শ্রীমল ও আরতি শ্রীমল। তবু তাঁদেরই চিন্তাভাবনা সদা বহমান আমাদের প্রতিটি কর্মসূচীর মধ্যে। আমরা বিশ্বাস করি অলক্ষ্যে থেকে তাঁরা আমাদের প্রতিটি কার্যকলাপকে নিয়ন্ত্রণ করছেন। তাঁদের আশীর্বাদ আমাদের নিরন্তর পাথেয় হোক।

গত ৪৫ বছর ধরে নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম ছোটদের জন্য নানান কর্মসূচী নিয়ে চলেছে। ছোটদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্য এমন ধরণের অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে যাতে তারা স্বতঃস্ফূর্ত বোধ করতে পারে। সর্বোপরি অস্বাস্থ্যকর প্রতিযোগিতা থেকে সরিয়ে নিয়ে অনেকজনকে নিয়ে একটা সাংস্কৃতিক পরিবেশ রচনার কাজে সদাই ব্যস্ত নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম। বলা বাহুল্য এ সবেরই প্রেরণা রবীন্দ্রনাথ। শিশুদের মনস্তত্ব নিয়ে এতখানি গভীরে গিয়ে তো কেউ সাহিত্য সৃষ্টি করেন নি।

তাই রবীন্দ্রপ্রণাম আমাদের আত্মানুসন্ধান। আমাদের পথ নির্দেশক। আমাদের অনুপ্রেরণা। সবাই মিলে আজকের ছোটদের যদি আমরা উৎসাহ দিতে পারি তাহলে তারাই এমন একটা পৃথিবী তৈরী করে দেবে যে পৃথিবীতে প্রত্যেকে প্রত্যেকের জন্য ভাববে। হিংসা মারামারি থেকে আমরা এগোব স্নেহ, শান্তি, ভালোবাসার দিকে।

পঁচিশে বৈশাখ আসুক নব জীবনের, নব চেতনার গান গেয়ে।

পঁচিশে বৈশাখ আসুক এই ইঁট-কাঠ-পাথরে বন্দী শহরের বুকে নব কিশলয়ের রূপ ধরে। উষ্ণ-পৃথিবীর মাটি-বাতাস পরিবেশ স্নিগ্ধ শান্ত হোক রবি ঠাকুরের গান গেয়ে, বিশ্বকবির কবিতার সশব্দ অনুরণনে।

# ছোটর দাবি

এই মুহূর্তে ছোটদের নিয়ে কাজের পরিধি একটু ছোট হয়ে গেছে। ভারতবর্ষের স্বাধীনতার পর বেশ কিছু মানুষ বা সংগঠন ছোটদের সাংস্কৃতিক, মানসিক বা শারীরিক বিকাশের জন্য নানাভাবে চিন্তাভাবনা করেছিলেন। বাংলায় মণিমেলা, সব পেয়েছির আসর, সি এল টির মতো প্রতিষ্ঠান বা ভারতবর্ষের বালভবন, আই সি সি ডাব্লিউ, নাস্থী দুনিয়ার মত প্রতিষ্ঠান চেষ্টা করেছিলেন যাতে সম্মিলিত ভাবে কিছু কাজ করা যায়। কাজ যে হয়নি তা নয়। সাম্প্রতিক পরিসংখ্যানে দেখা যায় স্বাধীনতার পর ভারতবর্ষের শিশুরা যে শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি ক্ষেত্রে যে তিমিরে ছিল আজ তা থেকে অনেকখানি উপরে উঠে এসেছে। আধুনিক প্রযুক্তি যে এ ক্ষেত্রে অনেকখানি সহযোগিতা করেছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই।

তবু ছোটরা হারিয়েছে অনেক কিছু। দিনরাত প্রতিযোগিতার মধ্যে থাকতে গিয়ে ঘরে এবং বাইরে তাদের প্রাপ্তির ভাঁড়ারে অনেকখানি ফাঁক থেকে গেছে। জীবনের উপর তা কতটা প্রভাব ফেলছে তারও চুলচেরা হিসাব আজ সাধারণ অভিভাবকদের করায়ত্ত। সব জেনেও কিন্তু তাঁরা সেই একই ইঁদুর দৌড় করাচ্ছেন ছোটদের।

মজার ব্যাপার হোল ছোটদের নিয়ে বসে আঁকো প্রতিযোগিতা বেড়ে গেছে কিন্তু বিজ্ঞান প্রদর্শনী কমে গেছে। আঁকা প্রতিযোগিতার জন্য সামগ্রিক ভাবে শিল্পীর সংখ্যা বেড়ে গেছে এমন নয় বরং বিজ্ঞান প্রদর্শনীর অভাবে বৈজ্ঞানিক মানসিকতার অভাবটা ভীষণভাবে পরিলক্ষিত হচ্ছে। সরস্বতী পুজোর সময় স্কুলে স্কুলে একটা বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন হত এবং তার প্রস্তুতি চলত বেশ কয়েক মাস ধরে। স্কুলের বিজ্ঞান শিক্ষকদের সঙ্গে আর্টসের শিক্ষকরাও হাত লাগাতেন এই প্রদর্শনীর সাফল্য লাভের জন্য। ছোটবেলাতেই এই বিজ্ঞান নিয়ে ফলিত চর্চার জন্য ছাত্র-ছাত্রীদের মধ্যে একটা বিজ্ঞান মনস্ক ভাব আপনা-আপনিই তৈরী হয়ে যেত। তা যে শুধুই ছাত্র বা ছাত্রীটির উপকারে আসত তাই নয়, পরিবার এবং সামগ্রিকভাবে দেশের পরিবেশ চিন্তায় তা কাজে লাগত। রবীন্দ্রনাথ এটা বুঝেছিলেন বলেই শান্তিনিকেতনে গোড়া থেকেই সাহিত্যের সঙ্গে কলা এবং বিজ্ঞানকে সমান গুরুত্ব দিয়েছিলেন। আজকের ছোটরা যান্ত্রিকভাবে তৈরী হয়ে উঠছে, বৈজ্ঞানিক ভাবে নয়।

বেশ কিছু বছর ধরে ভারতবর্ষের একটি নামী প্রতিষ্ঠান শিশু ও কিশোর-কিশোরীদের সৃজনশীলতাকে উৎসাহ দেওয়ার জন্য একটু অন্য ধরণের প্রচেষ্টা চালাচ্ছেন। ষোলটি বিষয় তাঁরা বেছে নিয়েছেন তার মধ্যে গান, নাচ, বাজনা, ছবি আঁকা, ভাস্কর্য, নাটক যেমন আছে তেমনি আছে গল্প, কবিতা, প্রবন্ধ রচনা এবং বিজ্ঞানের মৌলিক গবেষণা বা মডেল তৈরী। হতাশাজনক চিত্রটি সেখানেই ধরা পড়েছে। আঁকা বা নাচের ক্ষেত্রে যেখানে সারা দেশ জুড়ে প্রতিযোগীর অভাব নেই - অন্যান্য বিষয়গুলির ক্ষেত্রে সেখানে অধিকাংশক্ষেত্রে দুটি বা তিনটি বিষয়কে একসঙ্গে জুড়ে দিতে হচ্ছে কেননা অভিভাবকরা বেশীরভাগই চাইছেন প্রচলিত পড়াশুনার বাইরে ওই একটি বা দুটি বিষয়েই তাঁর শিশুসন্তানটি মনোনিবেশ করুক। আঁকাটা এই জন্য যে সেটি স্কুলের পড়াশোনার কাজে লাগবে আর নাচটায় শরীর অনেকটা সুস্থ থাকবে।

ভারতবর্ষের মত কোটি কোটি বেকারের দেশে যদিও এই ধরণের বিলাসী চিন্তাভাবনা উপযুক্ত নয় তবুও মনে হয় যাঁরা আর্থিক ভাবে স্বচ্ছল তাঁরা ছেলেমেয়েদের সৃজনশীলতার পথে একটু এগিয়ে দিতেন বা স্বাধীন ভাবে চিন্তাভাবনা করার ক্ষেত্রে সহযোগিতা করতেন তাহলে আমার দেশ আরো একটু এগিয়ে যেতে পারত।

ছোটদের  এই ছেলেবেলাটিকে না পাওয়ার দরুন আজ এক বিরাট সংখ্যক মানুষ গভীর মানসিক হতাশায় ভুগছেন। ছোটবেলার যে রঙীন স্মৃতি গুলিকে সম্বল করে বড়বেলার হতাশাকে অতিক্রম করা যায় আজ সেটারই বড় অভাব ঘটছে। সোশ্যাল মিডিয়াকে একটু গভীর পর্যবেক্ষণ করলে দেখা যায় যে মানুষ পাগলের মত তার স্কুলের সঙ্গীদের খুঁজছে - তারপর চলছে স্মৃতির রোমন্থন। একটা প্রজন্ম পর্যন্ত হয়ত এটা পাওয়া যাবে কিন্তু পরবর্তী প্রজন্মের কাছে সেই স্মৃতিটাও হয়ও থাকবে না কেননা প্রতিযোগিতার এই বিশ্বে ছোটদের কোনও বন্ধু নেই, তারা সকলেই প্রতিদ্বন্দ্বী।

## আবৃত্তি উৎসব

সব দিক দিয়েই নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের আবৃত্তি উৎসব একটু ব্যতিক্রমী। এখানে আবৃত্তির সঙ্গে গান থাকে, নাটক থাকে আলোর ব্যবহার হয় এমনকি নাচও থাকে। প্রায় একশো কচি কণ্ঠের এই উৎসবকে দর্শক উপযোগী করে তুলতে প্রশিক্ষক বিজয়লক্ষী বর্মণ ও মলয় পোদ্দার চেষ্টার কোনও ত্রুটি রাখেননি। বাংলা সাহিত্যের রত্নভান্ডার থেকে মনিমাণিক্য তুলে এনে তাঁরা মালা গাঁথেন আর কচি কচি সুরেলা কণ্ঠে সেই রত্নমালা আলোকিত হয়ে ওঠে।

২৬শে এপ্রিল জ্ঞান মঞ্চে এমনই এক সুরেলা আসরের আয়োজন হয়েছিল। আটটি পরিবেশনা, প্রতিটি সুচিন্তিত ও সুপরিকল্পিত। আলো, রূপসজ্জা এবং আবহ সহযোগে প্রতিটি অনুষ্ঠানই হয়ে ওঠে উপভোগ্য। অভিনন্দন শিল্পীদের, অভিনন্দন দুই প্রশিক্ষক এবং সহযোগীদের। কুশল চক্রবর্তীর সঞ্চালনার জন্যও একটা অভিনন্দন প্রাপ্য।

*নেহরু চিলড্রেনস্ মিউজিয়ামের কার্যকরী সমিতির সদস্য **বিশ্বরঞ্জন সিনহা** গত ৪ঠা মার্চ পরলোকগমন করেছেন। আমরা তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাই।*

# জ্ঞান মঞ্চে অনুষ্ঠিত আবৃত্তি উৎসব- এর বিশেষ কিছু মুহূর্ত























# Congratulations

Makhla Shinjini organised MAKHLA SHINJINI DANCE & MUSIC FESTIVAL gorgeously. It was their 7th year. It is a well known and reputed cultural organisation located at Uttarpara, Hooghly.

Students of Nehru Children's Museum participated in this programme. Anasua Dey, Aishi Chaudhury, Sanchita Naskar, Sunanda Bhaumik, Sweta Kumari and Atri Manna took part in Semi-Cultural group dance. The group ranked First.

Anasua Dey, a solo performer participated in Senior Classical Category. She secured First Position.

All the participants performed under the guidance of Smt. Reshma Sen, Faculty, Nehru Children's Museum.









## Wall Painting "Tun Tunir Galpo" by the young artists of Ankur











# NEHRU CHILDREN'S MUSEUM organises Summer Workshops

## PAINTING

**Craft & Creation Workshop**
conducted by Anindita Mitra, Soma Saha, Subhra Patra, Indrani Burman
***5-12 yrs. • 15th-18th May • Rs. 550/-***

**Cartoon** conducted by Debasish Deb
***8-14 yrs. • 23rd-25th May • Rs. 650/-***

**Water Colour**
conducted by Swati Tarafder, Susanta Biswas, Kingshuk Sarkar, Samir Dutta
***9-16 yrs. • 23rd-25th May • Rs. 600/-***

**Human Figure Drawing**
conducted by Sanjoy Bhaumik, Anjan Coomar, Dipankar Das, Bibek Paul, Subha Basu
***7-18 yrs. • 29th-31st May, 1stJune • Rs. 700/-***

## SONG

**Bangla Ganer Paribeshan Saily**
conducted by Iman Chakraborty
***10-18 yrs. • 16th-18th May • Rs. 650/-***

**Jibonogaane** conducted by Sraboni Sen
***10-16 yrs. • 22nd-24th May • Rs. 700/-***

**Atulprasadi, Rajanikanta, Dwijendrageeti**
conducted by Nupur Chhanda Ghosh
***10-18 yrs. • 29th-31st May • Rs. 500/-***

**Nana Ranger Gaan**
conducted by Indrani Sen
***12-18 yrs. • 5th-7th June • Rs. 650/-***

## DANCE

**Creative Dance**
conducted by Kashmira Samanta
***10-16 yrs. • 15th-18th May • Rs. 600/-***

**Bharatnatyam**
conducted by Anita Mallick
***10-18 yrs. • 16th-18th May • Rs. 750/-***

**Odissi** conducted by Nandini Ghoshal
***8-18 yrs. • 22nd-26th May • Rs. 1500/-***

**Rabindra Nritya**
conducted by Suvasish Dutta
***8-14 yrs. • 29th-31st May & 1st June • Rs. 600/-***

## RECITATION

**Bachanik** (Betar, Shruti Natak O Abritti)
conducted by Jagannath Bose
***12-18 yrs. • 22nd-24th May • Rs. 600/-***

**Kabita Bondhu Hao**
conducted by Bijoylaxmi Burman
***6-12 yrs. • 30th,31st May & 1st June • Rs. 600/-***

## SCIENCE WORKSHOP on Understanding the Energy

***Faculty :*** Partha Pratim Roy
***Winner of the Distinguished FULBRIGHT Award in Teaching***
***Member - School Education Expert Committee, Govt. of West Bengal***
***Founder-Head, Center for Physics Education Research, Kolkata***
12-18 yrs • 15th-17th May
Fees: Rs.700/- + Rs.300/- (Kit)

Contact : **NEHRU CHILDREN'S MUSEUM** 94/1 Chowringhee Road, Kolkata 20
Ph. : 96745 73496 / 8981646672 / 22231551 /4007 (1.00 p.m. - 6.30 p.m. except Mondays & Tesdays)

---

# টেগোর ফাউণ্ডেশন আয়োজিত ও নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম -এর সহযোগিতায়



## ২২তম যুগল শ্রীমল স্কলারশিপ

আবেদনপত্র ৩০ টাকা

প্রতিটি স্কলারশিপ বার্ষিক ১৮০০ টাকা এক বছরের জন্য

*প্রাথমিক পর্যায় - বিষয়, বয়স ও তারিখ*

**আবৃত্তি** (৭-১৬ বছর) ১৫ আগস্ট **রবীন্দ্রনৃত্য** (৯-১৬ বছর) ১৫ আগস্ট
**রবীন্দ্রসঙ্গীত** (৯-১৬ বছর) ২২ আগস্ট **ভরতনাট্যম** (৭-১৬ বছর) ২২ আগস্ট

বয়স ঃ ১ লা আগস্ট ২০১৮ অনুযায়ী

নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম (১-৬ টা সোম ও মঙ্গল বাদে) ৯৮৩৬৬৬৫৫৮৮/৯৪৩৩৫৩২৬৮২

## Happy Birthday To Our Little Friends .............................. May 2018

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Subhangi Sahu | 01 | Ayush Roy | 13 | Chandrima Ghosh | 21 |
| Sarthika Das | 02 | Dyutiparna Das | 15 | Swapnil Karmakar | 21 |
| Baidurya Maity | 03 | Ashmita Biswas | 15 | Adrita Paul | 22 |
| Sharmili Maity | 03 | Aadita Bhowmick | 15 | Swarnali Koley | 23 |
| Jion Ghosh | 05 | Chandrayee Paul | 16 | Anusha Datta | 27 |
| Rimit Sikder | 08 | Suvojit Jaldatath | 17 | Srija Roy | 27 |
| Sukanya Banerjee | 08 | Saptasharath Srimani | 20 | Sagarika Auddy | 27 |
| Srinik Deb | 09 | Arghya Karmakar | 20 | Aishree Sahu | 28 |
| Ritisha Bagchi | 09 | Saanz Chowdhury | 20 | Hritama Paul | 29 |
| Harshil Das | 10 | Satyaki Das | 21 | Anwaya Mukherjee | 30 |

### Thank You Donors

| | | |
|---|---|---|
| Arun & Gopa Chakraborty | Lt. Col. K. P. C. Rao | Ratna Bhattacharya |
| Debarati Das | Lohia Charitable Trust | Songata Mitra |
| Dr. Krishna Bandyopadhyay | Mohit Kumar Ghosh Memorial Public Ch. Trust | Siraj Haque |
| Dilip Narayan Saha | Md. Karim Boksh | S. S. Mukherji |
| Golf Residency Ladies Club | Rupam Banerjee | |

***It is with the help & donation from persons like you that we are in a position to run our projects efffectively for the last 44 years.***

### DECLARATION (FORM IV)


1. Place of Publication : Kolkata
2. Periodicity of its publication : Monthly
3. Printer's Name : INDRANI SENGUPTA on behalf of National Cultural Association
   Whether Citizen of India? : Yes
   If foreigner, State the country of origin : Does not arise
   Address (in India) : 16/3 Gariahat Road, Kolkata - 19
   Printed at : Display Printers Pvt. Ltd. 16/3 Gariahat Road, Kolkata - 19
4. Publisher's Name : INDRANI SENGUPTA, on behalf of National Cultural Association
   Whether Citizen of India? : Yes
   If foreigner, State the country of origin : Does not arise
   Address (in India) : 16/3 Gariahat Road, Kolkata - 19
5. Editor's Name : Prabal Dutta
   Whether Citizen of India? : Yes
   If foreigner, State the country of origin : Does not arise
   Address (in India) : Balitikuri, Howrah
6. Names and address of Individuals who own the newspaper and partners or shareholders holding more than one percent of the total capital : National Cultural Association 16/3 Gariahat Road, Kolkata 19

I, Smt. Indrani Sengupta, hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

Indrani Sengupta
(Signature of Publisher)


## তোমার সৃষ্টি আমার তুলিতে -
### *কবির চোখে প্রকৃতির রূপান্তর।*

নেহরু চিলড্রেনস্ মিউজিয়াম - এর অঙ্কন বিভাগের ছাত্র-ছাত্রীদের এক অনন্য চিত্র প্রদর্শনী **"তোমার সৃষ্টি আমাদের তুলিতে"**- কবির চোখে প্রকৃতির রূপান্তর।

রবীন্দ্রনাথের সাথে প্রকৃতির সারা জীবনের সখ্যতা। ঋতুতে ঋতুতে তার রূপান্তর ঘটেছে আর সেই রূপান্তরই প্রকাশিত হয়েছে তাঁর সৃষ্টির মধ্য দিয়ে। কবি বলেছেন, "তোমার বাতাস ছাড়া আমার কোন শ্বাস-প্রশ্বাস নেই। তোমার মাটির সুধা ছাড়া আমার দেহের কোন স্বাদ নেই। তোমার আকাশ ছাড়া আমার প্রাণের কোন মুক্তি নেই। তোমার সবটুকু মিলিয়েই আমার জীবন, আমার আনন্দ।" কবি প্রকৃতির নয়নাভিরাম রূপ দেখেছেন সারা জীবন ধরে আর সেই রূপ-সৌন্দর্য্যের রহস্য উন্মোচিত হয়েছে তাঁর সৃষ্টির পরতে পরতে। কবিতায়, গানে, ছবিতে প্রতিনিয়ত তারই প্রতিফলন ভেসে আসে আমাদের কাছে - আমাদের শিশু-কিশোর শিল্পীরা দীর্ঘদিন ধরে কবিগুরুর নানা সৃষ্টিকে চিত্রায়িত করছে তাদের রঙ -তুলির ছোঁয়ায়। এবারের চিত্র-প্রদর্শনী 'কবির চোখে প্রকৃতির রূপান্তর' তারই একটা অঙ্গ।

# তোমার সৃষ্টি আমার তুলিতে - এর বিশেষ কিছু মুহূর্ত

গগনেন্দ্র প্রদর্শনশালা (কলকাতা তথ্য কেন্দ্র) ২৮শে এপ্রিল, ২০১৮, শনিবার, বিকাল ৫টায় প্রদর্শনীর শুভ সূচনা করলেন শিল্পী সমীর আইচ, শিল্পী অসিত পাল, শিল্পী দেবব্রত চক্রবর্তী ও শিল্পী দেবাশিস দেব।

সমীর আইচ বলেন যে মিউজিয়ামের যে কোন্য প্রদর্শনীর মধ্যে একটা অভিনবত্ব থাকে। গতানুগতিক থেকে তা সবসময়ই একটু আলাদা। শ্রী অসিত পাল ছোট ছোট শিল্পীদের আশীর্বাদ জানিয়ে বলেন যে প্রকৃতি সবসময়ই রবীন্দ্রনাথে- একটি প্রিয় বিষয়। কবিতা হোক, গান হোক বা ছবি হোক - প্রকৃতিকে তিনি নানা রূপে দেখেছেন এব ব্যক্ত করেছেন। শ্রী দেবব্রত চক্রবর্তী রবীন্দ্রনাথে- চিত্রকলা নিয়ে কিছু কথা বললেন যা একদিকে ছোটদের উদ্বুদ্ধ করবে অপরদিকে অভিভাবকরা ও অনুপ্রাণিত হবেন। দেবাশিস দেব ও তাঁর সহজাত পরিহাস পূর্ণ বক্তব্যে সকলকে প্রদর্শনীর প্রতি মনোযোগী করে তোলেন। সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন অধিকর্তা সুদীপ শ্রীমল।













Editor : Prabal Dutta, Associate Editor : Indrani Sengupta, Published by Indrani Sengupta on behalf of National Cultural Association and printed at Display Printers Pvt. Ltd. 16/3 Gariahat Road, Kolkata 700 019.
Contact : 94/1 Chowringhee Road, Kolkata - 700 020, E-mail : nehrumuseum1972@gmail.com